উপবৃত্তি অগ্রাধিকার

জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক : ৩৮.০১.০০০০.১৯৩.১৪.০১১(৩).২০২৩- ১১৮১

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩০ / ০৩ আগস্ট ২০২৩

বিষয়: উপবৃত্তি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২০২১-২২ অর্থবছর থেকে PESP MIS Software-এর মাধ্যমে G2P পেমেন্ট সিস্টেমে EFT প্রেরণপূর্বক গত ২০২১-২২ অর্থবছরের জুলাই/২০২১ থেকে জুন/২০২২ সময়ের এবং ২০২২-২৩ অর্থবছরের জুলাই-ডিসেম্বর/২০২২ সময়ের উপবৃত্তির অর্থ সুবিধাভোগী মা/অভিভাবকের মোবাইল একাউন্টে বিতরণ করা হয়েছে। উক্ত বিতরণকৃত উপবৃত্তির অর্থ সুবিধাভোগী মা/অভিভাবক কর্তৃক প্রাপ্তির ক্ষেত্রে কতিপয় অনিয়ম সংঘটিত হয়েছে মর্মে মাঠ পর্যায় থেকে জানা যায়। এ প্রেক্ষিতে উপবৃত্তির প্রাপ্য অর্থ সংশ্লিষ্ট সুবিধাভোগী মা/অভিভাবক কর্তৃক যথাযথভাবে প্রাপ্তির লক্ষ্যে- নিম্নোক্ত কার্যাদি প্রতিপালন ও সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টগণকে অনুরোধ করা হলো:

ক) সুবিধাভোগী অভিভাবকগণ শুদ্ধরূপে প্রয়োজনীয় ডাটা বিদ্যালয়ের শ্রেণি শিক্ষক/প্রধান শিক্ষকের নিকট সরবরাহ করবেন এবং সংশ্লিষ্ট শ্রেণি শিক্ষক/প্রধান শিক্ষক তা যাচাইপূর্বক শুদ্ধ ডাটা সংগ্রহ করবেন ও PESP MIS Software-এ এন্ট্রি দিবেন।

খ) সুবিধাভোগী অভিভাবক তাঁর মোবাইল একাউন্টটি সর্বদা সচল রাখবেন এবং পিন রিসেট করে নিজের কাছে গোপন রাখবেন। টাকা ক্যাশ আউটের সময় কিংবা কোন অবস্থাতেই যেন তাঁর একাউন্টের পিন নম্বর অন্য কারো সাথে শেয়ার না করেন।

গ) অভিভাবক তাঁর নগদ একাউন্ট নম্বরের মোবাইল ফোনটি নিজের কাছে রাখবেন এবং মেসেজ দেখবেন।

ঘ) সুবিধাভোগী মা/অভিভাবক কর্তৃক তাঁর মোবাইলে উপবৃত্তির EFT প্রাপ্তি সংক্রান্ত SMS প্রাপ্তির পরবর্তী ১৫ দিনের মধ্যে (Non-transferable Period) কিংবা দ্রুততম সময়ের মধ্যে টাকা ক্যাশ আউট করার জন্য সংশ্লিষ্ট প্রধান শিক্ষক/সহকারী শিক্ষকগণ অভিভাবকগণকে উদ্বুদ্ধ করবেন।

ঙ) উপবৃত্তির অর্থ Cash Out করার জন্য সরকার নির্ধারিত ক্যাশ আউট চার্জ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক ডাক অধিদপ্তর ও নগদ লিমিটেড-কে পরিশোধ করা হয় বিধায় অভিভাবকের প্রাপ্য অর্থ হতে কোন ধরনের ক্যাশ আউট চার্জ কর্তন করা যাবে না। অর্থাৎ PESP MIS Software-এ সুবিধাভোগী শিক্ষার্থী অভিভাবকের অনুকূলে উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক অনুমোদিত চাহিদার সমপরিমাণ (সম্পূর্ণ) টাকা-ই সংশ্লিষ্ট অভিভাবক প্রাপ্য হবেন।

চ) অনুমোদিত চাহিদাভুক্ত কোন শিক্ষার্থীর অভিভাবক উপবৃত্তির অর্থ না পেলে বা প্রাপ্যতার চেয়ে কম অর্থ পেলে তা যাচাইপূর্বক তাৎক্ষণিকভাবে সুনির্দিষ্ট ডাটা ও মতামতসহ প্রয়োজনীয় কার্যার্থে উপবৃত্তি বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রতিবেদন প্রেরণ করবেন।

ছ) সুবিধাভোগী অভিভাবকগণ কর্তৃক ক্যাশ আউট করার ক্ষেত্রে সৃষ্ট জটিলতাসহ যে কোন ধরনের সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক/সহকারী শিক্ষকগণ নগদ লিমিটেড এর স্থানীয় এজেন্ট, উদ্যোক্তা বা কাস্টমার কেয়ারের সহায়তায় সৃষ্ট জটিলতা সমাধান করার চেষ্টা করবেন। প্রয়োজনে উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারের সহায়তা নিবেন। স্থানীয় পর্যায়ে সমস্যা সমাধান করা সম্ভব না হলে তাৎক্ষণিকভাবে প্রধান শিক্ষক উপজেলা শিক্ষা অফিসারের মাধ্যমে উপবৃত্তি বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর-কে অবহিত করবেন।

জ) সুবিধাভোগী অভিভাবক কর্তৃক উপবৃত্তির প্রাপ্য অর্থ না পেলে/প্রাপ্যতার চেয়ে কম পেলে এবং সে ক্ষেত্রে কোন দুর্নীতি সংঘটিত হয়েছে মর্মে প্রতীয়মান হলে দোষী ব্যক্তিদের চিহ্নিতপূর্বক তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঝ) প্রধান শিক্ষক তাঁর বিদ্যালয়ের কিস্তিভিত্তিক সকল ধরনের রিপোর্ট (শিক্ষার্থীর বিস্তারিত প্রতিবেদন, শ্রেণি হালনাগাদ প্রতিবেদন, চাহিদার বিস্তারিত প্রতিবেদন, Pay-Roll/Disbursement Report) PESP MIS Software থেকে প্রিন্ট করে বিদ্যালয়ে আবশ্যিকভাবে সংরক্ষণ করবেন।

ঞ) সংশ্লিষ্ট প্রধান শিক্ষক ও ইউইও/টিইওগণ যথাক্রমে- বিদ্যালয় ও উপজেলা ভিত্তিক পে-রোল রিপোর্ট (Disbursement Report) PESP MIS Software থেকে প্রিন্ট করে নিজ নিজ দপ্তরে সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করবেন।

ট) PESP MIS Software-এ সুবিধাভোগী শিক্ষার্থী অভিভাবকের অনুকূলে উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক অনুমোদিত চাহিদা ও Pay-Roll/Disbursement রিপোর্টের বিস্তারিত প্রতিবেদন ডাউনলোড করে এর হার্ডকপি বিদ্যালয়ের নোটিশবোর্ডে প্রদর্শন করবেন এবং একইসাথে সংশ্লিষ্ট কিস্তিতে প্রত্যেক অভিভাবকের প্রাপ্য টাকার পরিমাণ মা/অভিভাবক সমাবেশের মাধ্যমে জানিয়ে দিবেন। প্রয়োজনে কিস্তিভিত্তিক অনুমোদিত চাহিদা অনুযায়ী প্রাপ্য টাকার পরিমাণ শ্রেণি শিক্ষক শিক্ষার্থীদের Home Work খাতার একাংশে লিখে দেয়ার মাধ্যমে জানাবেন।

০২। **যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো।**

০৩.৮.২০২৩

মোঃ হামিদুল হক
পরিচালক (যুগ্ম সচিব)
উপবৃত্তি (অতিরিক্ত দায়িত্ব)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
dirpesd.dpe@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. বিভাগীয় উপ-পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ..... .বিভাগ (উপবৃত্তি কার্যক্রমকে অগ্রাধিকার প্রদানপূর্বক পত্রের মর্ম মোতাবেক যথাযথ তদারকি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল),....... জেলা (পত্রের মর্ম মোতাবেক তাঁর জেলার সকল উপজেলা/থানায় উপবৃত্তির কার্যাদি যথাযথভাবে প্রতিপালন এবং সচেতনতা বৃদ্ধির জন্য বর্ণিত বিষয়সমূহ বিভিন্ন দপ্তর ও জনবহুল স্থানে বহুল প্রচার ও বাস্তবায়নের বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ)।

৩. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল),...... উপজেলা, ............জেলা (পত্রের মর্ম মোতাবেক তাঁর উপজেলা/থানায় উপবৃত্তির কার্যাদি যথাযথভাবে প্রতিপালন এবং সচেতনতা বৃদ্ধির জন্য বর্ণিত বিষয়সমূহ বিভিন্ন দপ্তর ও জনবহুল স্থানে বহুল প্রচার ও বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৪. সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল),....... উপজেলা, ............জেলা (পত্রের মর্ম মোতাবেক তাঁর ক্লাস্টারের সকল বিদ্যালয়ে উপবৃত্তির কার্যাদি যথাযথভাবে প্রতিপালন এবং সচেতনতা বৃদ্ধির জন্য বর্ণিত বিষয়সমূহ বিভিন্ন দপ্তর ও জনবহুল স্থানে বহুল প্রচার ও বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৫. প্রধান শিক্ষক (সকল), ........ সরকারি প্রাথমিক বিদ্যালয়, ...... উপজেলা, ............জেলা (পত্রের মর্ম মোতাবেক তাঁর বিদ্যালয়ের উপবৃত্তির কার্যাদি সহকারী শিক্ষকগণের সহায়তায় যথাযথভাবে প্রতিপালন এবং মা/অভিভাবক সমাবেশ, এসএমসি সভা ইত্যাদির মাধ্যমে সংশ্লিষ্ট সকলের সচেতনতা বৃদ্ধির জন্য বর্ণিত বিষয়সমূহ বহুল প্রচার ও বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

স্মারক: ৩৮.০১.০০০০.১৯৩.১৪.০১১(৩).২০২৩- ১৯১৮১

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩০ / ০৩ আগস্ট ২০২৩

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:**

১. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
২. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (বিষয়টি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. পিএস টু ডিজি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. পিএ টু এডিজি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অফিস নথি।

০৩.৮.২০২৩

পরিচালক (উপবৃত্তি)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর